

দ্বাদশ অধ্যায়: বাংলাদেশ ও বিশ্ব

► যোগ্যতাভিত্তিক সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-১. বিশ্বশান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৪৫ সালের ২৪এ অক্টোবর একটি আন্তর্জাতিক সংস্থা প্রতিষ্ঠা লাভ করে। সংস্থাটির নাম কী?

উত্তর: জাতিসংঘ।

প্রশ্ন-২. জাতিসংঘের একটি পরিষদের পাঁচটি স্থায়ী ও দশটি অস্থায়ী সদস্য রাষ্ট্র রয়েছে। এখানে কোন পরিষদকে বোঝানো হয়েছে?

উত্তর: নিরাপত্তা পরিষদ।

প্রশ্ন-৩. জাতিসংঘের 'ক' শাখাটি অছিভুক্ত এলাকাসমূহের তত্ত্বাবধান করে। 'ক' দ্বারা কোন শাখাকে বোঝাচ্ছে?

উত্তর: অছি পরিষদ।

প্রশ্ন-৪. আমাদের দেশের বেকার সমস্যা সমাধানে জাতিসংঘের একটি শাখা কাজ করে থাকে। শাখাটির নাম কী?

উত্তর: অর্থনৈতিক ও সামাজিক পরিষদ।

প্রশ্ন-৫. ভারত ও পাকিস্তানের মধ্যে সীমান্ত সংক্রান্ত সমস্যা মোকাবেলায় জাতিসংঘের কোন শাখা সহায়তা করবে?

উত্তর: আন্তর্জাতিক আদালত।

প্রশ্ন-৬. জুনায়েদের বাবা জাতিসংঘের একটি শাখায় কর্মরত। শাখাটি বিশ্বের শান্তি ও নিরাপত্তা রক্ষায় কাজ করে। জুনায়েদের বাবা জাতিসংঘের কোন শাখায় কর্মরত?

উত্তর: নিরাপত্তা পরিষদ।

প্রশ্ন-৭. মুনীর বাবা ইউনেস্কো চাকরি করেন। এ সংস্থাটি কাদের উন্নয়নে কাজ করে?

উত্তর: শিশুদের উন্নয়নে।

প্রশ্ন-৮. জাতিসংঘের একটি উন্নয়নমূলক সংস্থার উদ্যোগে ২১এ ফেব্রুয়ারি বিশ্ব মাতৃভাষা দিবসের মর্যাদা পেয়েছে। এ সংস্থাটির নাম কী?

উত্তর: ইউনেস্কো।

প্রশ্ন-৯. আহাদ রোমে বেড়াতে গিয়ে জাতিসংঘের একটি উন্নয়নমূলক সংস্থার সদর দপ্তর দেখতে পেল। এ সদর দপ্তরটি কোন সংস্থার?

উত্তর: খাদ্য ও কৃষি সংস্থার।

প্রশ্ন-১০. জাতিসংঘের একটি অঙ্গ সংস্থা বিশ্বের ছয়টি অঞ্চলে কার্যক্রম পরিচালনা করে। সংস্থাটির নাম কী?

উত্তর: বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

প্রশ্ন-১১. জাতিসংঘের একটি উন্নয়ন সংস্থা শিক্ষা ও সংস্কৃতি বিষয়ে কার্যক্রম পরিচালনা করে। সংস্থাটির নাম কী?

উত্তর: ইউনেস্কো।

প্রশ্ন-১২. 'ক' সংস্থাটি বিভিন্ন প্রত্ননিদর্শনসমূহ রক্ষায় কাজ করে। 'ক' এর সাথে জাতিসংঘের কোন সংস্থার সাদৃশ্য রয়েছে?

উত্তর: ইউনেস্কো।

প্রশ্ন-১৩. ১৯৮৫ সালের ৮ই ডিসেম্বর দক্ষিণ এশিয়ার ৭টি দেশ নিয়ে গঠিত হয় একটি সংস্থা। সংস্থাটির নাম কী?

উত্তর: সার্ক।

প্রশ্ন-১৪. ২০০৭ সালে আফগানিস্তান দক্ষিণ এশিয়ার একটি আঞ্চলিক সংস্থার সদস্য হয়। সংস্থাটির নাম কী?

উত্তর: সার্ক।

প্রশ্ন-১৫. 'ক' সংস্থাটির উদ্দেশ্য হলো সদস্য দেশগুলোর অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অবস্থার দ্রুত উন্নয়ন করা। এটি কোন সংস্থা?

উত্তর: সার্ক।

► সাধারণ সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-১৬. জাতিসংঘের প্রধান শাখা কয়টি? [প্রা.শি.স.প. ২০১৬/]

উত্তর: ৬টি।

প্রশ্ন-১৭. বাংলাদেশ কবে জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতির দায়িত্ব পালন করেছে? [প্রা.শি.স.প. ২০১৩/]

উত্তর: ১৯৮৬ সালে।

প্রশ্ন-১৮. জাতিসংঘ কত সালে গঠিত হয়? [প্রা.শি.স.প. ২০১৬/]

উত্তর: ১৯৪৫ সালের ২৪এ অক্টোবর।

প্রশ্ন-১৯. বর্তমানে জাতিসংঘের সদস্য সংখ্যা কত? [প্রা.শি.স.প. ২০১৫/]

উত্তর: ১৯৩।

প্রশ্ন-২০. জাতিসংঘের বর্তমান মহাসচিব কোন দেশের নাগরিক? [প্রা.শি.স.প. ২০১৫/]

উত্তর: পর্তুগাল। [বি. দ্র. টেক্সট বইয়ে আছে দক্ষিণ কোরিয়া]

প্রশ্ন-২১. ইউনিসেফ এর পুরো নাম কী? [প্রা.শি.স.প. ২০১৬/]

উত্তর: জাতিসংঘ আন্তর্জাতিক শিশু তহবিল।

প্রশ্ন-২২. ইউনিসেফ কাদের উন্নয়নে কাজ করে? [প্রা.শি.স.প. ২০১৫/]

উত্তর: শিশুদের উন্নয়নে।

প্রশ্ন-২৩. CASE এর পুরো নাম কী? [প্রা.শি.স.প. ২০১৬/]

উত্তর: Clean Air and Sustainable Environment.

প্রশ্ন-২৪. FAO কী? [প্রা.শি.স.প. ২০১৫/]

উত্তর: FAO হলো খাদ্য ও কৃষি সংস্থার সংক্ষিপ্ত রূপ।

প্রশ্ন-২৫. সার্ক এর পুরো নাম লেখ। [প্রা.শি.স.প. ২০১৬/]

উত্তর: দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা।

প্রশ্ন-২৬. কোন সালে আফগানিস্তান সার্কের সদস্য হয়?

উত্তর: ২০০৭ সালে।